

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
সমন্বয় শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd

নম্বর: ৫৭.০০.০০০০.০৪২.৯৯.০০৭.২০.১৮৭

তারিখ: ৩১ আশ্বিন ১৪২৯

১৬ অক্টোবর ২০২২

পরিপত্র

বিষয়: কনডেমনেশন কমিটি গঠন।

সরকারি কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠান, কারিগরি শিক্ষা ও মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরস্বাধীন আঞ্চলিক কার্যালয়ের, পুরাতন জরাজীর্ণ ভবন/যানবাহন মালামাল নিলামে বিক্রয়/অকেজো ঘোষণার নিমিত্তে নিম্নবর্ণিত স্থানীয় কনডেমনেশন কমিটি গঠন করা হলো:

স্থানীয় কনডেমনেশন কমিটি:

১) জেলা প্রশাসক	সভাপতি
২) নির্বাহী প্রকৌশলী/সহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর	সদস্য
৩) সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার। তবে মেট্রোপলিটন/সিটিকর্পোরেশন-এর ক্ষেত্রে অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)	সদস্য
৪) সরকারি মটরযান পরিদর্শক (কেবল যানবাহনের ক্ষেত্রে)	সদস্য
৫) সংশ্লিষ্ট উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার	সদস্য
৬) সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান/আঞ্চলিক উপ-পরিচালক	সদস্য-সচিব

কার্যপরিধি:

১। স্থানীয় কনডেমনেশন কমিটির সভাপতি প্রস্তাব প্রাপ্তির পর প্রস্তাবিত ভবন/মালামাল/মটরযান সরেজমিনে যাচাই-পূর্বক প্রাক্কলিত বিক্রয় মূল্যসহ প্রতিবেদন প্রদানের জন্য নির্বাহী প্রকৌশলী/সহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তরকে (ভবন ও মালামালের ক্ষেত্রে)/সরকারি মটরযান পরিদর্শককে (যানবাহনের ক্ষেত্রে) প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন।

২। নির্বাহী প্রকৌশলী/সহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর অথবা সরকারি মটরযান পরিদর্শক এর প্রতিবেদন প্রাপ্তির পর স্থানীয় কনডেমনেশন কমিটিতে প্রস্তাবটি উপস্থাপন করা হবে।

৩। স্থানীয় কনডেমনেশন কমিটি নিলামের প্রস্তাব ও প্রাক্কলিত বিক্রয় মূল্য যাচাই-বাছাই করে নিলামে বিক্রয়ের বিষয়ে সুপারিশ করবে।

৪। স্থানীয় কনডেমনেশন কমিটির সুপারিশের পর সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান/আঞ্চলিক কার্যালয় প্রধান উক্ত অকেজো ঘোষণার প্রস্তাব অনুমোদনের জন্য মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর/মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের নিকট প্রেরণ করবেন।

৫। অকেজো ঘোষণার প্রস্তাব কারিগরি শিক্ষা/মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালকের অনুমোদনের পর সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান/আঞ্চলিক কার্যালয় প্রধান যাবতীয় ভবন ও মালামালের সংখ্যা এবং ভবন ও মালামালের হালনাগাদ অবস্থা উল্লেখ করে নিলামে বিক্রয়ের জন্য বিজ্ঞপ্তি প্রচার করবেন। এ ক্ষেত্রে নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করতে হবে।

৬। ক) যদি ভবন/মালামালের প্রাক্কলিত বিক্রয় মূল্য এক লক্ষ টাকার কম হয়, তাহলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান, জেলা শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয় ও জেলা প্রশাসকের কার্যালয়ের ওয়েবসাইটে বিজ্ঞপ্তি প্রকাশ করতে হবে।

খ) এক লক্ষ টাকার বেশি হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/আঞ্চলিক কার্যালয় প্রধান, জেলা শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, উপজেলা নির্বাহী কর্মকর্তা, জেলা প্রশাসক, কারিগরি শিক্ষা অধিদপ্তর ও মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটে বিজ্ঞপ্তি প্রকাশ করতে হবে।

৭। বিজ্ঞপ্তি প্রচারের পর নিলামের ক্ষেত্রে নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করতে হবে:

ক) নিলামে প্রাপ্ত মূল্য এক লক্ষ টাকার কম হলে, স্থানীয় কনডেমনেশন কমিটির সুপারিশক্রমে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান অব্যবহৃত ভবন/মালামাল বিক্রয় করতে পারবেন।

খ) নিলামে প্রাপ্ত মূল্য এক লক্ষ টাকার বেশি হলে উক্ত নিলাম মূল্য সংশ্লিষ্ট দপ্তর কর্তৃক কনডেমনেশন কমিটির সুপারিশসহ কারিগরি শিক্ষা অধিদপ্তর/মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের অনুমোদনের জন্য প্রেরণ করতে হবে। কারিগরি শিক্ষা অধিদপ্তর/মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের অনুমোদন সাপেক্ষে সংশ্লিষ্ট দপ্তর প্রধান ভবন/মালামাল/যানবাহন বিক্রয় করতে পারবে।

৮। ইতোপূর্বে ০২ অক্টোবর ২০১৭ তারিখে নথি নং-৩৭.০০.০০০০.০৭৬.১২.০৫৯.২০১৬-৯৮৫, শাখা কারিগরি-১ হতে জারিকৃত এতদসংক্রান্ত পরিপত্রটি বাতিল করা হলো।



১৬-১০-২০২২

ড. মোঃ আশরাফুজ্জামান

উপসচিব

ফোন: ০২-৫৫১০১০৭৪

ইমেইল: sascordinet@tmed.gov.bd

বিতরণ:

- ১) মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর
- ২) মহাপরিচালক (অতিরিক্ত সচিব), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
- ৩) চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
- ৪) চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
- ৫) পরিচালক, জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী (নেকটার), বগুড়া
- ৬) অধ্যক্ষ, অধ্যক্ষ-এর দপ্তর, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট
- ৭) চেয়ারম্যান, বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি, এলনবাড়ী, তেজগাঁও, ঢাকা।
- ৮) জেলা প্রশাসন, (সকল)
- ৯) নির্বাহী প্রকৌশলী/ সহকারী প্রকৌশলী,, শিক্ষা প্রকৌশলী অধিদপ্তর।
- ১০) উপজেলা নির্বাহী অফিসার, (সকল)
- ১১) সরকারি মটরযান পরিদর্শক, (সকল) (কেবল যানবাহনের ক্ষেত্রে)
- ১২) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, (সকল)
- ১৩) সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ/আঞ্চলিক উপ-পরিচালক/প্রধান শিক্ষক/জেলা শিক্ষা অফিসার।
- ১৪) সচিবের একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
- ১৫) ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি অনুবিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
- ১৬) ব্যক্তিগত কর্মকর্তা, মাদ্রাসা অনুবিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
- ১৭) প্রোগ্রামার, আইসিটি অধিশাখা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। {অফিস আদেশটি মন্ত্রণালয়ের

ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ}

১৮) অফিস কপি।